

# CHASE YOUR **Dream**

*A Preparatory Book  
for Competitive Exams*

**BANK**  
**BCS**  
**MNC**



**DIIT**<sup>®</sup>

Daffodil Institute of IT


[www.diiit.info](http://www.diiit.info)

## অগ্রবর্তী

আমি অত্যন্ত আনন্দিত যে, "Chase Your Dream" বইটি প্রকাশিত হচ্ছে এবং আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, এই বইটি ছাত্র ছাত্রীদের ভিত্তি স্বরূপ জ্ঞানকে প্রাথমিক অবস্থা থেকে বাজারমুখী করবে। একজন মানুষ শুধুমাত্র তখনই সফল হবে যখন সে তার পরিকল্পনা বা অভিসন্ধিকে কর্মশক্তি প্রয়োগ করে বাস্তবে রূপদান করবে। এখানে অধিকতর আবশ্যিক হলো কঠিন পরিশ্রমের মাধ্যমে জীবনের স্থিতিপত্র তৈরি করা যেখানে সফলতা সৃষ্টি এবং সীমাবদ্ধতাকে পরাস্ত করা।

এটি একটি ব্যতিক্রমধর্মী উদ্যোগ যার সাহায্যে ছাত্র ছাত্রীরা তাদের মূল্যবান সময়কে যথোপযুক্ত সন্ধ ব্যবহারের মাধ্যমে আভিধানিক এবং বাস্তব জ্ঞান সম্পর্কে জানতে পারবে যা তাদেরকে আরো অনেক বেশি বুদ্ধিমান ও করিতকর্মা করে তুলবে।

আমি আমার আন্তরিকতাপূর্ণ ধন্যবাদ জানাই বইটির লেখকবৃন্দ, প্রকাশক এবং স্বত্বভোগী পাঠকগণকে। আমাদের এই উদ্যোগ তখনই চরিতার্থ হবে যখন এই প্রকাশনা তার অভিষ্ট ফলাফল পাবে।



মোঃ সবুর খান

চেয়ারম্যান

ড্যাফোডিল ফ্যামিলি

## মুখবন্ধ

বাংলাদেশের শিক্ষার্থীদের মেধার উপযুক্ত বিকাশ এবং কর্মজীবনের প্রবেশের ক্ষেত্রে তাদেরকে যথাযথাভাবে প্রস্তুত করাই এই বইয়ের প্রধান লক্ষ্য। কর্মজীবনে এবং সামাজিক জীবনে শিক্ষার্থীদেরকে স্বপ্নের সীমানায় পৌঁছে দিতে DIIT-র এই যুগান্তকারী প্রয়াস। এই বইটি শিক্ষার্থীদের সামগ্রিকভাবে মেধার বিকাশ ঘটাতে সক্ষম হবে বলে আশা করা যায় এবং বর্তমান যুগের সাথে তাল মিলিয়ে চলতে সহায়ক ভূমিকা পালন করবে।

বর্তমান প্রতিযোগিতামূলক চাকুরি প্রাপ্তির প্রক্রিয়ায় শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি আরো সুযোগ্যরূপে গড়ে তুলতে DIIT-র শিক্ষক মন্ডলীর সমবেত প্রচেষ্টায় এটি একটি অনন্য উদ্যোগ।